# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
## কোম্পানি সচিবালয়
## বোর্ড উপবিভাগ
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ৩১ ডিসেম্বর, ২০২৩; বিকাল ২.০০ ঘটিকা

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ নিয়ে ১টি প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে। এ সম্পর্কে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্পের হালনাগাদ অগ্রগতি জানতে চাইলে তিনি বলেন যে, ব্যয় প্রাক্কলনের কাজ চলমান আছে। সংশ্লিষ্ট বিভাগসমূহ কর্তৃক প্রাথমিকভাবে ব্যয় প্রাক্কলন করা হয়েছে এবং পূর্ণাঙ্গভাবে ব্যয় প্রাক্কলনের পর প্রতিবেদন দাখিল করা হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন যে, খসড়া ব্যয় প্রাক্কলন প্রতিবেদন IIFC বরাবর প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী খসড়া ডিপিপিও প্রস্তুত রাখতে হবে যাতে চূড়ান্ত সমীক্ষা প্রতিবেদন পাওয়া গেলে দ্রুত ডিপিপি চূড়ান্ত করে পেট্রোবাংলায় প্রেরণ করা যায়। | (ক) বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপের ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) খসড়া DPP প্রস্তুত রাখতে হবে।<br>(গ) IIFC এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। উপমহাব্যবস্থাপক ও সদস্য-সচিব, ব্যয় প্রাক্কলন কমিটি |
| ২ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য DPP অর্থমন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। অতঃপর গত ২২ অক্টোবর ২০২৩ বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক প্রশ্নের জবাবে উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক প্রকৌ. শাহ মোঃ সিরাজুস সালেকিন সভাকে অবহিত করেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রাপ্ত Ministry Assessment Format (MAF) যথাযথভাবে পূরণ করে উক্ত বিভাগে প্রেরণ করা হয়েছে। শীঘ্রই তা পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে। | ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার লক্ষ্যে পরিকল্পনা বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৩ | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভায় জানান যে, ভোলা ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, রূপগঞ্জ, ফেঞ্চুগঞ্জ ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের অকেজো মালামালের খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে কয়েকটি গ্যাসক্ষেত্র/এলাকা সরেজমিন পরিদর্শন করা হয়েছে। অচিরেই চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক দ্রুত সময়ের মধ্যে অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন। | দ্রুত সময়ের মধ্যে অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও আহবায়ক, অকেজো ঘোষণা কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও সদস্য-সচিব, অকেজো ঘোষণা কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, Feasibility study-এর জন্য IFIC এর নিকট Specifications প্রেরণ করা হয়েছে। IFIC হতে প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে পেট্রোবাংলার মাধ্যমে ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। | পেট্রোবাংলার মাধ্যমে ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৫ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, প্রকল্পের আওতায় বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য Expression of Interest (EOI) আহবানের বিপরীতে ০৭টি প্রতিষ্ঠান হতে চাহিদাকৃত পরামর্শক সেবা প্রদানের আগ্রহ পত্র পাওয়া যায়। আগ্রহপত্রসমূহের মূল্যায়নে ৫টি প্রতিষ্ঠান উত্তীর্ণ হয় এবং তাদের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্পের ব্যয় প্রাক্কলন বিষয়ে বলেন যে, বিজিএফসিএল কর্তৃক প্রস্তুত ডিপিপি'র আইটেম ভিত্তিক ব্যয় যাচাই-বাছাই করার জন্য পেট্রোবাংলায় একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি উক্ত কমিটির মতামতের আলোকে ব্যয় প্রাক্কলন এবং ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | ১। বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>২। বিজিএফসিএল ন্যায় ব্যয় প্রাক্কলন করে সে অনুযায়ী ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৬ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভায় জানান যে, অডিট আপত্তির জবাব প্রস্তুতের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। বিভিন্ন বিভাগ হতে IDN এর মাধ্যমে তথ্য সংগ্রহপূর্বক হালনাগাদ করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বোর্ডে উপস্থাপনের জন্য জবাবসহ কার্যপত্র প্রস্তুত করা হয়েছে কি না জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান যে, অডিট আপত্তিসমূহের জবাব ও কার্যপত্র প্রস্তুতের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তি সমূহের জবাবসহ কার্যপত্র দ্রুত প্রস্তুতের জন্য নির্দেশনা প্রদান করেন। | অডিট আপত্তিসমূহের জবাবসহ দ্রুত বোর্ড পেপার প্রস্তুত করতে হবে। | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৭ | হালদা কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, ভূমি অধিগ্রহণের বিষয়ে BSRM কর্তৃপক্ষের সাথে শীঘ্রই একটি সভা আয়োজন করা হবে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) বলেন যে, হালদা কূপে ওয়ার্কওভারের জন্য আগামী জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ভূমি অধিগ্রহণ/ভাড়ার সময়সীমা বেঁধে দেওয়ার পরামর্শ প্রদান করেন। | ক) ভূমি সংক্রান্ত বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>খ) BSRM কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৮ | APA সংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) APA এর অগ্রগতি সভাকে অবহিত করলে ব্যবস্থাপনা পরিচালক APA টিম এর সকল সদস্যদের নিয়ে প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার অর্থাৎ জানুয়ারী ২০২৪ মাসের দ্বিতীয় সোমবার হতে ধারবাহিকভাবে APA-এর অগ্রগতি সংক্রান্ত সভা আয়োজন করতে সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন। | ১। প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার APA-এর অগ্রগতি বিষয়ক সভার আয়োজন করতে হবে।<br>২। APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তা জোড়দার করা আবশ্যক। তিনি পেট্রোবাংলার কর্তৃক সাম্প্রতিক সময়ে আয়োজিত অগ্নিমহড়ার বিষয়টি উল্লেখ করে বাপেক্সে একইধরণের অগ্নিমহড়া আয়োজন করা হয় কি না জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন্ডবাইরনমেন্ট) অবহিত করেন যে, গত বছর এপ্রিল মাসে বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অগ্নিমহড়া আয়োজনের গুরুত্বের কথা তুলে ধরে আগামী মার্চ ২০২৪ মাসে বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | আগামী মার্চ ২০২৪-এ বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন্ডবায়নমেন্ট) |
| ১০ | জকিগঞ্জ-০১ ও শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) প্রকৌশলী গাজী মোহাম্মদ মাহবুবুল হক বলেন যে, শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার কার্যক্রম পরিচালনার জন্য পরিচালনা পর্ষদের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কিন্তু বাপেক্সের ভান্ডারে Cromium Alloy Tubing মজুদ না থাকায় বাপেক্সের রাজস্ব খাত হতে ক্রয় করা প্রয়োজন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক উক্ত Tubing বাপেক্সের রাজস্ব খাত হতে ক্রয়ের উদ্যোগ নেয়ার নির্দেশনা প্রদান করেন।<br><br>জকিগঞ্জ-০১ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পর্কে উপমহাব্যবস্থাপক (রসায়ন) জনাব শ্যামল কুমার বালো জানান যে, কৈলাশটিলা-০৮ কূপ খনন সমাপ্ত হওয়ার পর জকিগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার করার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত রয়েছে। তাই দ্রুত ওয়ার্কওভার শুরু করা না গেলে মালামালের কার্যকারিতা নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। | ১। শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার কার্যক্রম পরিচালনার জন্য Cromium Alloy Tubing বাপেক্সের রাজস্ব খাত হতে ক্রয়ের উদ্যোগ নিতে হবে।<br><br>২। কেটিএল-০৮ কূপে ওয়ার্কওভার কাজ শেষে জকিগঞ্জ-১ কূপে ওয়ার্কওভার কাজ শুরু করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৩। উপমহাব্যবস্থাপক (রসায়ন), মাড-ইঞ্জিনিয়ারিং উপবিভাগ |
| ১১ | বিবিধ: | ১। বাপেক্স কর্তৃক কি কি সেবা প্রদান করা হয় বা হচ্ছে/দৈনন্দিন কর্মকান্ড পেট্রোবাংলার অনুরূপ ডিজিটাল বোর্ডের মাধ্যমে আবশ্যিকভাবে প্রদর্শন করেতে হবে এবং সবার কাছে দৃশ্যমান এমন স্থান নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>২। মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপকগণের আর্থিক ক্ষমতা (Delegation of Financial Power) বৃদ্ধির জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। বিষয়টি বোর্ডে উপস্থাপন করতে হবে।<br><br>৩। পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানির জন্য অভিন্ন নিয়োগের নীতিমালা প্রণয়নের কাজ চলমান আছে । এ ব্যাপারে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। কোম্পানি/ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা/সেবাসমূহ প্রদর্শনের জন্য পেট্রোবাংলার আদলে একটি ডিজিটাল বোর্ড স্থাপন করতে হবে।<br><br>২। মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপকগণের আর্থিক ক্ষমতা (Delegation of Financial Power) বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।<br><br>৩। পেট্রোবাংলার সকল কোম্পানির জন্য অভিন্ন নিয়োগ নীতিমালার বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়ে এবং নতুন বছরে সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/১/২৪

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ..........................................................................................., বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ......................................................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/প্রকল্প ব্যবস্থাপক ..................................................., বাপেক্স।
৪) অফিস কপি।